

পূর্বাচল

নতুন মেঘ পুরোনো মেঘে এসে  
মিশেছে, এই আকাশভেলা কার?

আবার বায়ু ছুটেছে বায়ুবেগে  
উপায় নেই অস্ত্রে ফেরাবার?

আমার মেঘ লিখেছি কোন মেঘে  
এই তো ঘর, ঘরকে জ্বালাবার

দোল দিলাম-এবার যাও ভেসে।  
নতুন মেঘ, পূর্বাচলপার।।

জয় গোস্বামী

